**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 17-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর আগামী ৩১শে জুলাই পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।
# বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্য সরকারের করা অনিয়মের বিরুদ্ধে এটি একটি 'ঐতিহাসিক' সিদ্ধান্ত।

২/ চলতি শিক্ষাবর্ষে রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল চালু হয়েছে ।

৩/ বেসরকারি হাসপাতালের একাংশের অনিয়মের প্রবণতা আটকাতে ২০১৭ সালের 'পশ্চিমবঙ্গ ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট আইনে'র সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে।

৪/ কালীগঞ্জ বিধানসভার উপ নির্বাচনে আজ প্রচারাভিযান শেষ হয়েছে। # আগামী ১৯শে জুন এই কেন্দ্রে ভোট নেওয়া হবে।

৫/ রাজ্যে জলাভূমির চরিত্র বদল করলে এবং ভরাটের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তকে কারাদণ্ড এবং জরিমানা দিতে হবে বলে পরিবেশমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন।

৬/ উত্তরবঙ্গের বাকি অংশের সঙ্গেই আজ অবশেষে দক্ষিণবঙ্গেও বর্ষা প্রবেশ করেছে।

*********************************************************************

রাজ্যের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। আগামী ৩১শে জুলাই পর্যন্ত এই অন্তর্বর্তী স্থগিতাদেশ বহাল থাকবে বলে, দুই বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছেন। আজ আদালতে রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত এবং কেন্দ্রের আইনজীবি হিসেবে অতিরিক্ত সলিসিটার জেনারেল অশোক কুমার চক্রবর্তী শুনানিতে অংশ নেন। কেন্দ্রের বক্তব্য, অন্যান্য অনগ্রসর শ্রেণীর দুটি সম্প্রদায়ের মধ্যে যে পরিবর্তন করা হয়েছে, তার ফলে জনবিন্যাস বদলে যাচ্ছে। পালটা সওয়ালে রাজ্য জানায়, OBC সংক্রান্ত মূল মামলাটি সুপ্রিম কোর্টে বিচারাধীন। সেখানে সমীক্ষার কথা জানানো হয়েছে। কিন্তু, ১০ বছর অন্তর সমীক্ষার কথা থাকলেও, তা' না হওয়ায় রাজ্যকে ভর্ৎসনার মুখে পড়তে হয়। এরপরই ১৪০ টি জনজাতিকে নিয়ে গঠিত নতুন বিজ্ঞপ্তির ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় আদালত। এর ফলে গত ৮'ই মে থেকে এখনো পর্যন্ত যতগুলি বিজ্ঞপ্তি রাজ্য সরকার জারি করেছে, তার সবগুলোর ওপর আগামী ৩১শে জুলাই পর্যন্ত স্থগিতাদেশ থাকছে।

উল্লেখ্য, ২০১০ সালের পর তৈরী রাজ্যের সব OBC শংসাপত্র, কলকাতা হাইকোর্ট বাতিল করে দেয়। গত বছর ২২শে মে ওই নির্দেশ বহাল রাখে আদালত। এই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যায় রাজ্য।

বিজেপি, কলকাতা হাইকোর্টের আজকের নির্দেশকে স্বাগত জানিয়েছে। এক্স হ্যান্ডেলের এক বার্তায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, এই সিদ্ধান্তকে 'ঐতিহাসিক' বলে উল্লেখ করে বলেন, আজকের রায়ে, সংবিধানকে পাশ কাটিয়ে রাজ্য সরকারের ঔদ্ধত্যের পরাজয় হয়েছে। মমতা ব্যানার্জীর নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সরকার যে OBC বিজ্ঞপ্তি প্রকাশ করেছে, তাতে মুসলিম তোষণের রাজনীতি'ই প্রকাশ পেয়েছে।
পরে, নদীয়ার কালীগঞ্জে এক সাংবাদিক বৈঠকে তিনি একই মন্তব্য করেন।

( বাইট- শুভেন্দু ঐতিহাসিক )

************************

চলতি শিক্ষাবর্ষে রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য চালু হল সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টাল। আজ বিকাশ ভবনে আনুষ্ঠানিক ভাবে এই পোর্টালের সূচনা করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আগামীকাল সকাল ১০টা থেকে

সংশ্লিষ্ট পোর্টালে ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন। পয়লা জুলাই পর্যন্ত প্রথম দফায় নাম নথিভুক্তিকরণ ও আবেদন জানানো যাবে। ৬ জুলাই তালিকা প্রকাশ করা হবে। এবার পোর্টালে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক নতুন ব্যবস্থা থাকছে। শিক্ষামন্ত্রী জানান, এর নাম দেওয়া হয়েছে বীণা। শিক্ষার্থীদের যে কোনও প্রশ্নের উত্তর দেবে এই এআই চ্যাট বট। এই পোর্টালের মাধ্যমে রাজ্যের ১৭ টি সরকার পোষিত বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪৬০ টি কলেজে ভর্তি হতে পারবেন ছাত্রছাত্রীরা। একাধিক কলেজে একাধিক কোর্সে ভর্তির আবেদন করা যাবে এই পোর্টালে। একজন পছন্দের ক্রম অনুযায়ী সর্বোচ্চ ২৫ টি কলেজে আবেদন করতে পারবেন ছাত্রছাত্রীরা। আবেদন করার শেষ তারিখ পর্যন্ত ছাত্রছাত্রীরা তাঁদের পছন্দের কলেজ ও বিষয় পাল্টাতে পারবেন। চ্যাটবট ছাড়াও একটি হেল্প লাইন নম্বর চালু করা হয়েছে। এটি হল - ১৮০০ ১০২ ৮০14।

উল্লেখ্য, গত ৭ই মে প্রকাশিত হয়েছিল এ বছরের উচ্চ মাধ্যমিকের ফলাফল। এক মাস ১০ দিন পর চালু হলো কলেজে ভর্তির পোর্টাল। তবে যাদবপুর বিশ্ববিদ্যালয় ও স্বশাসিত কলেজগুলিকে এই ভর্তি প্রক্রিয়া থেকে বাদ রাখা হয়েছে।

************************

সেবা, সুশাসন এবং গরিব কল্যাণের মূলমন্ত্রকে সামনে রেখে গত এক দশকে ভারতের স্বাস্থ্যব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন এসেছে। কেন্দ্রীয় সরকারের নানা পদক্ষেপ দেশের প্রান্তিকতম মানুষের কাছেও পৌঁছে দিয়েছে সুলভ, আধুনিক ও সমন্বিত স্বাস্থ্য পরিষেবা। আমাদের প্রতিনিধি অভিরূপ ভট্টাচার্যের একটি প্রতিবেদন।

*(ভয়েস কাস্ট – অভিরুপ ভট্টাচার্য) *

এই পরিবর্তন শুধু বর্তমান নয়, ভবিষ্যতের দিশাও। স্বাস্থ্য, এখন শুধু অধিকার নয়—একটি জাতীয় অঙ্গীকার।

************************

কেন্দ্রীয় সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলী এবং DTH পরিষেবায় আগামী বুধবার রাত সাড়ে ন'টায় শুনবেন বিশেষ আলোচনা।

অংশ নিয়েছেন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহা এবং বিশিষ্ট আইনজীবি দেবজিৎ সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

**********************

আন্তর্জাতিক যোগ দিবস নিয়ে বিশেষ আলোচনা শুনবেন আগামী বৃহস্পতিবার, রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH পরিষেবায়।

স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থানের অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। যোগাভ্যাসে পদকজয়ী কয়েকজনের কথাও শোনা যাবে। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

**********************

বেসরকারি হাসপাতালের একাংশের নীতি বহির্ভূত বিল করার প্রবণতায় রাশ টানতে ২০১৭ সালের ‘পশ্চিমবঙ্গ ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট আইনে’র একটি সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে।

বিলের উপর দুদিনের আলোচনা শেষে জবাবি ভাষণে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, রাজ্য সরকার চায় সরকারি ও বেসরকারি চিকিৎসা ক্ষেত্র কাঁধে কাঁধ মিলিয়ে মানুষকে পরিষেবা দিক। কিন্তু বেসরকারি হাসপাতালের একাংশের যথেচ্ছ বিল করার প্রবণতা মানুষকে সমস্যায় ফেলছে।

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, এই ধরনের গুরুত্বপূর্ণ বিল বিধানসভার স্থায়ী কমিটিতে আলোচনা করে পেশ করা উচিত ছিল।

এদিকে, বিজেপি এই বিলকে ত্রুটিপূর্ণ বলে দাবি করেছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা জানান, বেসরকারি হাসপাতাল নার্সিংহোম কর্মরত মহিলা ডাক্তার, নার্স, নিরাপত্তা রক্ষী ও মহিলা রোগীদের নিরাপত্তার জন্য কোন সংস্থান এই বিলে নেই। পাশাপাশি, বিভিন্ন চিকিৎসার প্যাকেজের কথা বলা হলেও, কোন রোগীর স্বাস্থ্যের অবনতি হলে সেক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হবে, তা’ও স্পষ্ট নয় বলে তিনি উল্লেখ করেন।

************************

নদিয়ার কালিগঞ্জ বিধানসভার উপ নির্বাচনের প্রচারাভিযান আজ সন্ধ্যা ছটায় শেষ হয়েছে। এর সঙ্গেই শুরু হয়েছে সাইলেন্স পিরিয়ড। আগামী ১৯শে জুন বৃহস্পতিবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত ভোট গ্রহণ। নির্বাচন কমিশনের নির্দেশ মেনে এবার প্রতিটি বুথে ভোটার সংখ্যা বারোশোয় বেঁধে দেওয়া হয়েছে। ফলে মোট বুথের সংখ্যা বেড়ে হয়েছে ৩০৯ ।

************************

রাজ্যে জলাভূমির চরিত্র বদল করা আইনত নিষিদ্ধ এবং জলাভূমি ভরাটের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্তকে সর্বোচ্চ তিন বছর কারাদণ্ড এবং পাঁচ লক্ষ টাকা জরিমানা দিতে হতে পারে বলে পরিবেশমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন।
বিধানসভায় আজ বিজেপি বিধায়ক শংকর ঘোষের প্রশ্নের উত্তরে মন্ত্রী জানান, জলাভূমির উপর বালি বা মাটি ফেলে তার প্রকৃতি নষ্ট করার চেষ্টা করা হলে পরিবেশ সংরক্ষণ আইনের আওতায় তা অপরাধ হিসেবে গণ্য হবে।

************************

উত্তরবঙ্গের বাকি অংশের সঙ্গেই আজ অবশেষে দক্ষিণবঙ্গেও বর্ষা প্রবেশ করেছে।
আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন, কেরালায় এবার সময়ের থেকে ৮ দিন আগেই বর্ষা প্রবেশ করলেও নির্দিষ্ট সময়ের প্রায় এক সপ্তাহ দেরিতে বর্ষা এল দক্ষিণবঙ্গে।

( বাইট- সোমনাথ )

এদিকে, দুই বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলী ও মুর্শিদাবাদ জেলায় কোথাও কোথাও জারি করা হয়েছে অতিভারী বৃষ্টির 'লাল সতর্কতা'।

************************

সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে মহিলাদের বেঙ্গল প্রো টি টোয়েন্টি লিগে শিলিগুড়ি স্ট্রাইকারস ও মেদিনীপুর উইজার্ডস্ এবং হারবার ডায়মন্ড ও হাওড়া ওয়ারিয়র্স এর ম্যাচ দুটি বৃষ্টির জন্য অনুষ্ঠিত হতে পারেনি। একই কারণে ইডেনে পুরুষদের স্মাসারস মালদা ও শিলিগুড়ির স্ট্রাইকারস এর ম্যাচটি পরিত্যক্ত হয়েছে।

**********************************************************************